প্রথম প্রকাশ : ১৫ নভেম্বর ১৯৭১
সংবাদ বিচিত্রা
SANGBAD BICHITRA
ONLY OFFICIAL NEWSPAPER OF CAB
প্রকাশনায় : বঙ্গ সংস্কৃতি সংঘ ▪ CULTURAL ASSOCIATION OF BENGAL ▪ NORTH AMERICA

Sangbad Bichitra - July 2026. Digital Version. Published by Cultural Association of Bengal, North America.

Editorial Board : Dilip Chakrabarti, Rupa Majumdar, Chitta Saha & Sudipta Chattopadhyay
Advisory Board : Dr. Amiya Banerjee & Mr. Asok Motayed

Message from the Convener
Thank You for Making NABC 2026 a Grand Success

Dear NABC 2026 Attendees,

On behalf of the Cultural Association of Bengal (CAB), the Organizing Committee, and our countless volunteers, We extend our heartfelt gratitude to each and every one of you for making the 46th North American Bengali Conference (NABC 2026) an extraordinary success.

Your presence, enthusiasm, and unwavering support transformed NABC 2026 into a memorable celebration of Bengali culture, heritage, music, literature, business, and community. It was truly inspiring to witness thousands of Bengalis from across North America and around the world come together to celebrate our shared identity and strengthen the bonds that unite us.

Organizing an event of this magnitude is a complex undertaking involving thousands of attendees, hundreds of performers, speakers, exhibitors, sponsors, and volunteers. While our dedicated team worked tirelessly to provide the best possible experience, we recognize that some aspects of the conference did not meet the high standards that you rightly expect.

For any inconvenience you may have experienced, we sincerely apologize. We value your patience, understanding, and constructive feedback. Every comment and suggestion we receive will be carefully reviewed as we continue to improve. Your feedback is invaluable and will help us make future conferences even better.

We are proud of what we accomplished together, but we also remain committed to learning from this experience. We assure you that the lessons from NABC 2026 will guide our planning and execution so that future conferences deliver an even higher level of excellence.

As we look ahead, we are delighted to invite you to the 47th North American Bengali Conference (NABC 2027), which will be held July 2–4, 2027, at the San Mateo County Event Center, California. We are confident that NABC 2027 will build upon the strong foundation of this year's conference while introducing new ideas, enhanced experiences, and even greater opportunities for our community to connect and celebrate together.

Thank you once again for your trust, encouragement, and continued support of NABC. It has been our privilege & honor to serve this wonderful community.

We look forward to welcoming you and your family to California for NABC 2027.

With sincere appreciation and warm regards,

Milan Awon
Convener, NABC 2026
North American Bengali Conference 2026
On behalf of the Cultural Association of Bengal (CAB), the Organizing Committee, and the entire NABC 2026 Volunteer Team

Executive Committee

Ashok Rakhit
President

Tapas Sanyal
Vice President

Indrasish Basuroychowdhury
Vice President

Biswa Bhattacharya
Vice President

Arpita Gupta
Treasurer

Partha S. Chakraborty
Secretary

Dipankar Chattopadhyay
Asst. Secretary

Committee Members

Amit Ganguly
Lipika Mukhopadhyay
Sarmistha Chakraborty (Babli)
Sudipta Chattopadhyay (Buya)
Biman Ghosh
Kris Ghosh (Bappa)
Prithviraj Banerjee
Rupa Majumdar
Tapan K. Das

Board of Trustees

Gopendu Chakrabarti
Chairperson

Trustee Members

Abhik Dasgupta
Amiya Banerjee
Dilip Chakrabarti
Kallol Chattopadhyay
Milan Awon
Partha S. Chatterjee
Pranab Das
Ranadeb Sarkar
Sugata Bagchi
Surajit Sengupta

Rules for submitting articles to Sangbad Bichitra

Submit only one text at a time in any one category.
Send articles to this email : sangbadbichitra5@gmail.com

1) Poems should be within 12-20 lines.
2) Short poems should be within 6-8 lines.
3) Short stories should be between 250-500 words.
4) Stories should be at least 1200 words but no more than 1500 words.
5) Essays/articles related to literature, science and social issues should be less than 500 (for an article) to 1000 (for an essay) words.
6) News form within your local community about art, culture, etc. should be within 100-500 words. Success stories of your next generation young members on any arena can be shared.
7) The text should be formatted in Avro font and stored as a MS Word (.docx) file. Handwritten content, an image (like JPEG or a PDF) file are not suitable formats and submissions will not be accepted.
8) Content should be previously unpublished and original.
9) Content should be free from typographical and grammatical errors.
10) Any content directly commenting on a political party, religion, caste, nation or a particular individual in a biased positive or negative manner will not be accepted for publication.

- Please understand that if the submitted content does not confirm to the guidelines set forth above (especially word limit), it will not be accepted for publication (due to space constraints of a 16-page magazine).

- This is a publication focused on community(ies) and our main aim is to publish news from any organization that promotes Bengali art and culture. As local Bengali organizations submit content to us, we will strive to publish items accordingly.

- Your opinion is important to us : Please provide your review (via email) of the contents of "Sangbad Bichitra" as it tackles pertinent subjects and viewpoints and their manner of presentation. If there is any room for improvement, please do not hesitate to describe them briefly and we shall publish your feedback in our subsequent edition.

Advertisement Rates for Sangbad Bichitra - 2025

(Color – Back Page)		1 Issue	1/2 Yearly	Yearly
Full Page	(14 x10 inch)	$250	$1,500	$2,500
1/2 Page	(10 x 7 inch)	$150	$750	$1,250
1/4 Page	(5 x 4 inch)	$100	$500	$1,000
1/8 Page	(5 x 2 inch)	$50	$250	$500

(Color – Inside)		1 Issue	1/2 Yearly	Yearly
Full Page	(14 x10 inch)	$150	$1,000	$2,000
1/2 Page	(10 x 7 inch)	$100	$500	$1,000
1/4 Page	(5 x 4 inch)	$75	$250	$500
1/8 Page	(5 x 2 inch)	$35	$150	$300

- Minimum three (3) issues.
- Payment is required in advance.
- Make check payable to : CAB
- Mail to : Cultural Association of Bengal
- Address : Arpita Gupta - Treasurer
  20, Cambridge Road, Lafayette NJ-07848, U.S.A
- Zelle to : 516-965-5277

President's Note

Dear Friends of CAB,

We just held the 46th North American Bengali Conference (NABC) on July 3-5, 2026 at the Westchester County Center, White Plains, New York. We curated many high-quality Bengali programs by renowned artists from Kolkata, Mumbai, and Bangladesh as well as many young local talented dancers and singers from North America. I would like to thank our program designers and stage management committee for their outstanding execution this year, based on the excellent feedback we received from many attendees.

In my presidential message in the NABC 2026 magazine, I mentioned that we are at a critical juncture in deciding the future of our cultural heritage. If we do not take certain measures within our community and in our homes as parents, our children and grandchildren may not be able to speak the language or know much about Bengali music, art, and culture! We may not expect many of them to be fluent in reading and writing Bengali while growing up in this country, but at least they should know and recognize their immigrant parents'/grandparents' heritage and culture!

NABC started with that mission in the early 1970s to introduce our heritage of rich art, music, and literature to the first generation of Bengali-Americans, but unfortunately over the years, the majority of our children have little or no interest. We parent often insisted that they come to NABC, but never spent enough time with them explaining our efforts. The organizers of NABC also had no serious youth programs (except arranging large dance parties at night for older kids) that would create enough curiosity about our culture in their young minds. Looking back, we never invited acclaimed artists and writers who could work with children to teach them our unique Bengali/Indian arts, like drawing alpona or making clay figures of traditional Indian dolls or animals that they could bring home as a keepsake. We adults were busy attending adult cultural activities like listening to acclaimed artists visiting from Kolkata, while shopping and having adda with friends and family. I feel this is what happened with my own grown children, but also find it to be true of the children of many of my cousins and friends! It may be late for our children, but it is not late for my younger friends as parents who can make a positive change in the next generation and create a positive experience of NABC for adults and children alike!

I have asked many of you to think hard about what we can do to inject curiosity about Bengali art and culture in children from K to 12 and leave some memorable impressions through these programs. This year, we started the NABC Idol competition to provide a platform for middle and high school students to showcase their musical or artistic talents. This would also encourage parents to attend NABC and register their children for this competition. Many of our high school students compete at the regional or state level in different artistic activities and could get a major boost if they compete nationally at NABC. If we make serious investments, we can have major Kolkata TV stations like Z-Bangla and others join us in bringing their corporate resources to improve the quality of this program and make high quality productions to air in Kolkata. We can create programs where our youth work with entertainment professionals like well-known dance and music teachers from India. Music and art have no geographical barriers and can help them learn both eastern and western arts to create their own art and music that can bridge the multiple cultures they inhabit.

I would like the parents of CAB to send us their thoughts as to how to make NABC a fun learning opportunity for our children. This will help make NABC sustainable in the long run.

Thank you, and I hope we will hear from you with ideas to help shape the future of NABC so that it remains relevant and attractive for everyone to come and participate!

Ashok Rakhit
President, Cultural association of Bengal, North America

Glimpse of NABC 2026



NABC '26
Shiv Kar

- Go easy...

ফিচার

২০২৬ এর বঙ্গ সম্মেলন

দিলীপ চক্রবর্তী
নিউ জার্সি, মার্কিন যুক্তরাষ্ট্র

কয়েকদিন আগে ২০২৬ এর বঙ্গ সমেলন শেষ হয়ে গেল। অনুষ্ঠান হয়েছিল Westchester County Convention সেন্টারে। এ সেন্টারটির সম্মুখে বিরাট পার্কিং লট, আর এক দিকে ব্যস্ত Central Avenue আর ন্য দিকে ব্যস্ততম Bronx River Parkway, কিন্তু Bronx River Parkwayটি পার হয়ে গেলে কাউন্টি সেন্টারের বিশাল পার্কিং লট আর সাথেই আছে একটি বৃহৎ মনোরম উদ্যান, আর আছে জনসাধারণের জন্য একটি "হাঁটার পথ"।

এ সেন্টারেই New York Knicks এর "minor-league affiliate Westchester Knicks of the NBA G League" এর হোম গেম খেলে থাকে, এ জন্যও এ হলটির বিশেষ গুরূত্ব আছে। এ হেন স্থানে বঙ্গ সম্মেলন উপস্থাপন করাটাও কম গুরূত্বপূর্ণ নয়।

এবার ২০২৬এর বঙ্গ সম্মেলনের কথা বলা যাক। সাগরের অপর নাম যেমন সমুদ্র তেমনই বঙ্গ সম্মেলনের অপর নাম NABC. কেউ ডাকেন "বঙ্গ সম্মেলন" কেউ বলেন "NABC", যেভাবেই ডাকুন না কেন, বোঝায় উত্তর আমেরিকার বাঙালিদের বৃহত্তম উৎসব "বঙ্গ সম্মেলন"।

নিউ ইয়র্ক বেদান্ত সোসাইটির প্রধান স্বামী সর্বপ্রিয়ানন্দ "কুথু ভিলাক্কু" দীপ প্রজ্জ্বলিত করে ২০২৬ এর বঙ্গ সম্মেলনের উদ্বোধন করেন । সকলের অবগতির জন্য জানাই - দক্ষিণ ভারতে এটি ব্যাপকভাবে ব্যবহৃত হয় এবং ঐতিহ্যগতভাবে একে 'সামাই' বা 'সমাই দীপক' বলেও ডাকা হয়। স্বামী সর্বপ্রিয়ানন্দর আশীর্বাদ নিয়েই শুরু হয় বঙ্গ সম্মেলন। ২০২৬ এর বঙ্গ সম্মেলনে প্রকৃতই দুই বাংলার মিলনের স্থান হয়ে উঠেছিল। সাহিত্য, সঙ্গীত ইত্যাদি অনুষ্ঠানে বাংলাদেশের বলিষ্ঠ উপস্থিতি লক্ষ্য করেছি। সাহিত্যিকদের মধ্যে ছিলেন, সেজান মাহমুদ, সফিক আহমেদ, বেনজির শিকদার, সাদাত হোসাইন প্রমুখরা। সাংস্কৃতিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চঞ্চল চৌধুরী, তানিম নূর, মেহাজবিয়েন চৌধুরী, সাবিলা নূর প্রমুখ উজ্জ্বল তারকাগণ। গঙ্গা আর পদ্মার মিলনের মত দুই বাংলার বাঙালিও ২০২৬ এর বঙ্গ সম্মেলনে মিলে মিশে এক হয়ে গিয়েছিল।

তারপর বঙ্গ সম্মেলনের ঐতিহ্য মেনে শুরু হয় চারটি দেশের জাতীয় সঙ্গীত। চারটি দেশের নাম হল আমেরিকা, কানাডা, বাংলাদেশ ও ভারত। তুলিপ ঘোষ এবং আরোহী সরকার আমেরিকার জাতীয় সঙ্গীত গেয়েছেন। তারপর কানাডার জাতীয় সঙ্গীত পরিবেশন করেন ভিক্টর হাইট। সুকন্যা শৈলী বাংলাদেশের জাতীয় সঙ্গীতটি গেয়েছেন। সর্বশেষে ভারতের জাতীয় সঙ্গীত পরিবেশন করেন ঐশী চেল। এ পাঁচ কিশোর সঙ্গীতশিল্পী তাঁদের সুরেলা কণ্ঠের যাদু দিয়ে সকল দর্শকদের মুগ্ধ করেছেন।

এ শিল্পীদের সুমধুর কণ্ঠস্বরের কলাকৌশল বিশেষ প্রশংসার দাবী রাখে। আমার বিশ্বাস সঙ্গীতজগতের আগামী দিনের উজ্জ্বল তারকার প্রকাশ হল ২০২৬ এর বঙ্গ সম্মেলনের মাধ্যমে। যে কোন বঙ্গ সম্মেলনকে আনুষ্ঠানিক বিষয় ও প্রকৃতি অনুযায়ী কয়েকটি ভাগে ভাগ করতে পারেন। যেমন, উদ্বোধনী অনুষ্ঠান, বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান, বাণিজ্যিক আলোচনা, মেডিক্যাল সেমিনার, সাহিত্য সভা, ইত্যাদি ও সমাপনী অনুষ্ঠান, এ ছাড়াও কলকাতার বিশিষ্ট ব্যবসায়ীর পণ্যসামগ্রী, বিভিন্ন জুয়েলার্স, আর এ বছরের নতুন সংযোজন "বই মেলা"। আর খাদ্যরসিকদের জন্য থাকে আহারের সুব্যবস্থা। দর্শকদের উচ্ছ্বসিত মূল্যায়ন – A+ for NABC 2026.

প্রতিটি দর্শকের মনোরঞ্জন করেছে উদ্বোধনী অনুষ্ঠান, নাম "শ্রুতিমধুর ভারতীয় একাত্মম"(হয়ত সঠিক অনুবাদ নয়, ইংরেজীতে – EKATVAM – THE EUPHONY OF INDIA" । এ অনুষ্ঠানের নেতৃত্বে ছিলেন বলিউডের প্রখ্যাত নৃত্য পরিচালক শ্রী কুমার শর্মা। আর অংশগ্রহণকারী অতুলনীয় নৃত্যকুশলীরা সকলেই ছিলেন আমেরিকার অভিবাসী। ভাবতেও অবাক লাগে যে সার্ধশতাধিক নৃত্যবিদ এ অনুষ্ঠানে অংশ গ্রহণ করেছেন।

এ বঙ্গ সম্মেলনের সমাপ্তি রেখা টেনেছেন বিখ্যাত পণ্ডিত বিক্রম ঘোষ ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন নৃত্যবিশারদ সুনরিতা কাইন্থ। ছন্দ, তাল ও কল্পনার অবিশ্বাস্য এক সংমিশ্রন – যার নাম দেওয়া হয়েছে "এক জাগ্রত বিশ্ব (An Awakened World)"।

সার্ধশতাধিক বিভিন্ন ভাষাভাষী ও সংস্কৃতির নৃত্যকুশলীরা এ অনুষ্ঠান পরিবেশন করে দর্শকদের মোহমুগ্ধ করেন। ঐক্য, প্রীতি ও মানবমনের এক দৃষ্টান্তমূলক উপহার দিলেন এ বঙ্গ সম্মেলনের অনুষ্ঠানে। কৌশিকির অনুষ্ঠান অনেকের কাছে অর্থহীন মনে হয়েছে। শ্রোতাদের অভিযোগ – কৌশিকি তাঁদের শ্রুতির ক্ষুন্নিবৃত্তি করতে পারেন নি। ওস্তাদ আমজাদ আলি খান তাঁর সুনাম অব্যাহত রেখেছেন, শ্রোতাবৃন্দ তাঁর সরোদের মুর্ছনায় মোহবিদ্ধ হয়ে তাঁর সৃষ্ট রাগরাগিণীর বিদ্যুৎ স্পর্শে পুলকিত হয়েছে, তিনি শ্রোতাদের অভিনন্দন ও শ্রদ্ধায় আপ্লুত হয়েছেন। মৌসুমী হোসেন ও তসলিমা নাসরিন তাদের কবিতা ও কবিতার গান দিয়ে দ্বিতীয় মঞ্চটিকে প্রশংসার আলোকে উজ্জ্বলিত করেছেন।

বাণিজ্যিক আলোচনায় অংশ গ্রহন করেন পেপসির প্রাক্তনী ইন্দ্রা নুইয়ি, রাষ্ট্রদূত বিনয় শ্রীকান্ত প্রধান, সনত চট্টোপাধ্যায়, ডঃ পৃথ ব্যানারজী এবং আরো অনেকে। বক্তাদের বাচনভঙ্গী, বিষয় এবং জ্ঞান দর্শকদের প্রশংসা অর্জন করেছে। ব্যবসায়ী D: শৈলেশ চৌধুরী প্রতিশ্রুতি দেন যে তিনি নির্বাচিত ব্যবসার প্রস্তাবকে ১ লক্ষ ডলার দিয়ে ভারতে ব্যবসা স্থাপনে সাহায্য করবেন। এ বিজনেস সেমিনারের নেতৃত্বে ছিলেন ডঃ সুমিত গাঙ্গুলী।

চিকিৎসা বিজ্ঞানের আলোচনা চক্রের (Medical Seminar) কর্ণধার ছিলেন ডঃ দেবল গুপ্ত। আলোচনার বিষয়গুলি ছিল - কোলন ক্যান্সারে সর্বাধুনিক অন্তদৃষ্টি, কারণ ও সম্ভাব্য নিরাময়ের সন্ধান, এলজাইমার রোগের চলমান গবেষণা, সম্ভাব্য নিরাময়, হৃদরোগে আক্রান্তদের দৈনন্দিন জীবনের দ্বন্দ, জীবন শৈলীর পরিবর্তন ইত্যাদি নিয়ে অতি মনোরম আলোচনা হয়েছিল। 'নিদ্রাকালীন শ্বাস ব্যাঘাত' বা "Sleep Apnea" নিয়েও এক মনোগ্রাহী আলোচনা হয়।

অংশ গ্রহণ করেন, হৃদরোগ বিশেষজ্ঞ ডাঃ সৌরভ চ্যাটার্জী, "Orthosomnia"বিদ ডাঃ গৌতম সমাদ্দার, যোগ বিশেষজ্ঞ রামকি, কর্কটরোগ বিশেষজ্ঞ ডাঃ অমিতাভ, শারীরিক সুস্থতার প্রবক্তা ডাঃ এন পি শিং এবং তাই ওয়ানের এলজাইমার বিশেষজ্ঞ ডাঃ কেভিন। উপস্থিত স্বাস্থান্বেষীরা সকল বিশারদ বক্তাদের স্বাস্থ্যকথা শুনে যারপর নাই খুশি হন। সামগ্রিক আলোচ্য বিষয় নির্বাচন ও বক্তাদের গভীর জ্ঞান উপস্থিত শ্রোতাদের অত্যন্ত খুশি করে।

পূর্বতন বঙ্গ সম্মেলনগুলি নাটকের জন্য গুরুত্বপূর্ণ হয়ে উঠেছিল। এ সম্মেলনেও কোন অন্যথা হয়নি। এ সম্মেলনের নাটকে অংশ গ্রহণ করেছেন একদা আন্দোলন সৃষ্টিকারী নাট্যসংস্থা নান্দীকারের বর্তমান কর্ণধার নাট্য জগতের অন্যতম শ্রেষ্ঠ তারকা শ্রী পার্থ প্রতিম দেব। নাটকের নাম "সওদাগরের নৌকা"। প্রকৃতপক্ষে এ নাটকের প্রতিটি চরিত্রে অভিনয় করেছেন আমেরিকার বাঙালি অভিনেতা।

বঙ্গ সম্মেলনে এবার সাহিত্য আলোচনা সভা নয়, পরিণত হয়েছে সাহিত্য উৎসবে। "আনন্দ পুরস্কার" প্রাপ্ত সাহিত্যিক নলিনী কান্ত বেরা সাহিত্য উৎসবে ছিলেন অন্যতম অতিথি বক্তা। সাহিত্য আলোচনার সূচনা করেন আমাদের সি এ বির দিলীপ চক্রবর্ত্তী। আলোচ্য বিষয় ছিল – "সাহিত্য সৃষ্টিতে শিক্ষা প্রতিষ্ঠানের দায়িত্ব ও কর্তব্য"। এ আলোচনায় অংশ গ্রহন করেন ডঃ ধনঞ্জয় সাহা ও ডঃ সেজান মাহমুদ। নারী লেখকদের সমস্যার কথা আলোচনা করেন তসলিমা নাসরিন, নলিনী বেরা, রূপা মজুমদার ও রুদ্রশংকর।

কবিতা ও কবিতার গানে অংশ গ্রহণ করেন শোভনসুন্দর, সেজান মাহমুদ, চন্দ্রিমা রায় ও অনুরাধা মজুমদার। প্রবাসীর কণ্ঠ ও সাহিত্য নিয়ে আলোচনা করেন সাদাত হোসাইন, আমেরিকার লেখক, কবিরা যাঁরা নিজেদের লেখা কবিতা/গল্প/প্রবন্ধ পাঠ করেছেন তাঁরা হলেন, অরুন্ধতী সরখেল, রুদ্রশংকর, অলোক বন্দোপাধ্যায়, প্রশস্তি পণ্ডিত, দিলীপ চক্রবর্ত্তী, বেনজির শিকদার, কৌশিক সেন, ধনঞ্জয় সাহা, সফিক আহমে্ জয়তী দাশগুপ্ত প্রমুখরা। সকলেই জানেন এঁরা সকলেই প্রতিষ্ঠিত লেখক অথবা কবি। লেখিকা মহাশ্বেতা দেবীর জন্ম শত বার্ষিকী পালন করা হয় এক রম্য আলোচনা দিয়ে।

আলোচনায় অংশ গ্রহণ করেন লেখক কৌশিক সেন, লেখক অদিতি বসু রায় ও আমদের প্রিয় বিবিসির সাংবাদিক জয়তী দাশগুপ্ত। সাংবাদিক সুকুমার রায় প্রান্তিক মানুষের প্রতি মহাশ্বেতা দেবীর ভালোবাসা ও উন্নয়নের কথা নিয়ে তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলেন। "ডায়াস্পোরা সাহিত্যের বর্তমান ও ভবিষ্যত নিয়ে আলোচনা করেন বেনজির শিকদার, ডঃ ধনঞ্জয় সাহা ও ডঃ অলোক বন্দোপাধ্যায়। সাহিত্য আলোচনার অনুষ্ঠানগুলি পরিচালনার দায়িত্বে ছিলেন ডঃ সোমা মুখোপাধ্যায়, ডঃ অরুন্ধতী সান্যাল, জয়তী দাশগুপ্ত, সুদীপ্তা চট্টোপাধ্যায় এবং শ্রাবনী নন্দী।

২০২৬ বঙ্গ সম্মেলনের সাহিত্য উৎসবে হয়েছে নতুন সংযোজন 'বইমেলা'। প্রথমে স্থির হয়েছিল বইমেলাটি একটি তাঁবুতে করা হবে। পরে অনিবার্য কারণ বশতঃ এটিকে কনভেনশন সেন্টারে নিয়ে আসা হয়। ছিলেন কলকাতা থেকে আগত ৭ জন প্রকাশক এবং আমাদের নিউ ইয়র্কের বিশ্বজিত সাহা। সাহিত্যিক কৌশিক সেন এবং সাহিত্যিক নলিনীকান্ত বেরা পাঠকদের সাথে তাদের পুস্তক নিয়ে কথা বলেছেন এবং তাঁরা পাঠকদের "Autograph" দিয়েছেন। নতুন সংযোজন হিসেবে দর্শকদের মধ্যে বইমেলা যথেষ্ট প্রভাব বিস্তার করেছে। আমার বিশ্বাস আগামীতে "বই মেলা" আরও ভালো ও সুসংগঠিত হবে।

এবার "NABC Idol" এর কথা না বললে বঙ্গ সম্মেলনের কথা অসম্পুর্ণ থেকে যাবে। এ অনুষ্ঠানটির দায়িত্বে ছিলেন শ্রাবন্তী ঘোষ পালিত। অনেক তরুণ তরুণী এ সঙ্গীত প্রতিযোগিতায় অংশ গ্রহণ করেছেন। প্রধান হলে এই তরুণ শিল্পীদের সুরেলা কণ্ঠের প্রবাহ দর্শকদের ভূয়সী প্রশংসা অর্জন করেছে। পণ্ডিত তন্ময় বসুর ছিলেন মহাগুরু এবং তাঁর সহযোগিতায় ছিলেন রিদ্ধি বন্দোপাধ্যায় ও শ্রী

জয়শংকর। তিন বিচারক প্রতিযোগীদের সঙ্গীত পারদর্শিতায় অত্যন্ত খুশি হন।

প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানের অধিকারী হয়েছেন যথাক্রমে দেবাংশী ভার্মা, আলভান চৌধুরী এবং শৌর্য দে। দেবাংশীর প্রথম পুরস্কার ছিল এক হাজার ডলার, আলভান পেয়েছেন পাঁচ শত ডলার আর তৃতীয় পুরস্কারের জন্য শৌর্য পেয়েছেন দুই শত পঞ্চাশ ডলার। শ্রাবন্তীর নেতৃত্বে এ অনুষ্ঠান সকলের মনোরঞ্জন করেছে। প্রতিটি বঙ্গ সম্মেলনের অন্যতম আকর্ষন হোল – কলকাতা থেকে আগত পণ্যসামগ্রী। বেঙ্গল জুয়েলার্স তো বঙ্গ সম্মেলনের অন্যতম সারথী হয়েছেন, ছিলেন পি সি চন্দ্র অ্যান্ড ব্রাদার্স, বি সরকার জুয়েলার্স। সাথে আরও অনেক সংস্থা যেমন সুন্দরী বেনারসী শাড়ী, চানাচুর বিক্রেতা, আর ছিলেন আমেরিকার কয়েকটি বিপনন সংস্থা । ব্যবসায়ীদের আমন্ত্রনে আগ্রহী ক্রেতাগণ যথেষ্ট সাড়া দিয়েছেন। প্রথমদিন আহারাদি পরিবেশনে একটু অসুবিধা হয়েছিল, কিন্তু পরের দুদিন সুস্বাদু আহারাদি পেয়ে দর্শকবৃন্দ যথেষ্ট তুষ্ট হয়েছেন।

দর্শকদের সুবিধার জন্য হোটেল থেকে অনুষ্ঠান অঙ্গন পর্যন্ত বিনামূল্যে বাস পরিষেবার ব্যবস্থা করা হয়েছিল। অনেকেই এ পরিবহন ব্যবস্থা ব্যবহার করেছেন এবং এ জন্য কর্তৃপক্ষকে সাধুবাদ জানিয়েছেন। অধিকন্তু ন দোষায় – বড় টেলিভিসনে সকারের বিশ্বকাপ প্রতিযোগিতা দেখার ব্যবস্থাও করেছিলেন NABC কর্তৃপক্ষ। প্রতি বছরের মত এ বছরও কয়েকজন দর্শককে জিজ্ঞাসা করেছিলাম – ২০২৬ বঙ্গ সম্মেলন কেমন লাগল? সকলেই সাংস্কৃতিক অনুষ্ঠান ও কর্তৃপক্ষের সাদর অভ্যর্থনার ভূয়সী প্রশংসা করেছেন। তবে কৌশিকির অনুষ্ঠান দেখে তাঁদের মনে হয়েছে তিনি কোন কারণে তাঁর সঙ্গীতে প্রাণের সঞ্চার করতে পারেন নি। অনেকেই কৌশিকির অনুষ্ঠান ভালো হয়নি বলে মনে করেছেন। ফটোসুটে ওস্তাদ আমজাদ আলি খানের সাথে ছবি তুলতে পেরে সকলেই খুব খুশি হয়েছেন। খান সাহেবের সহৃদয় ব্যবহারে সকলেই আপ্লুত ও মুগ্ধ হয়েছেন। বিশেষ ফলক দিয়ে বেঙ্গল জুয়েলার্স CABকে সম্মান জানিয়েছে। আর ভালো লেগেছে পি সি চন্দ্র জুয়েলার্সের লটারী অনুষ্ঠান।

এ প্রতিবেদন লেখার সময় মনে হল – বঙ্গ সম্মেলনের উদ্দেশ্য – এক কথায় বাংলার কৃষ্টি ও সংস্কৃতির প্রসার আমেরিকার বাঙালির উত্তসূরীদের মধ্যে। সাফল্য - এ প্রশ্নের উত্তর ভবিষ্যৎ প্রজন্মের মধ্যে লুকিয়ে আছে। আরেকটি প্রশ্ন – বঙ্গ সম্মেলন কোন সামাজিক প্রশ্ন তুলে ধরে কি? এ প্রশ্নের উত্তর আমার জানা নেই, হয়ত করে, হয়ত করে না। তবে একটা কথা জানি – বঙ্গ সম্মেলন পুরোনা বন্ধুদের দেখা পাওয়ার একটি সম্ভাব্য ক্ষেত্র। হঠাৎ আমার এক বন্ধুর সাথে দেখা হয়ে গেল। বন্ধুটি বেশ কয়েক বছর বিপত্নীক ও নিঃসঙ্গ জীবন যাপন করছেন। নিঃসঙ্গ জীবন ওকে তুষের আগুনের মত কুঁড়ে কুঁড়ে শেষ করছিল। কয়েক মাস আগে বন্ধুর কন্যা আমাকে ফোন করে বলেছিল – কাকু, বাবার নিঃসঙ্গ জীবন দেখে বড় কষ্ট পাই। মা তো আর ফিরে আসবে না। তুমি বাবাকে বলো না - বাবা আবার বিয়ে করুক, বাবার মন আবার আগার মত হাসিখুসিতে ভরে উঠুক, এটা আমি চাই, কিন্তু বাবাকে বলতে পারি না, তুমি একটু বাবাকে বুঝিয়ে বলো, বাবা তোমার কথা শুনবে। মেয়েটির মানসিক উদ্বেগের কথা শুনে কষ্ট পেয়েছিলাম, কিন্তু ওকে সান্ত্বনা বা আশ্বাস কোনটাই দিতে পারিনি। হঠাৎ বন্ধুটির সাথে দেখা হয়ে গেল, বঙ্গ সম্মেলন দেখতে এসেছে। ওর সাথে এক উপেক্ষিতা বিধবা মহিলার পরিচয় করে দিয়েছিলাম। সন্তানের উপেক্ষা আর স্বামীর স্মৃতি নিয়ে ওর জীবন খানিকটা দুঃখেই কাটছিল। ওরা দুজনেই এ পরিচয়ে খুশি হয়েছিল। তারপর ওরা দুজন বঙ্গ সম্মেলনের জনারণ্যে হারিয়ে গেছিল। ওদের আর দেখা পাইনি। আমার মাতৃবিয়োগের পর আমার পিতার একাকীত্ব নিয়ে আমরা কখনও ভাবিনি, অবশ্য ভাবার মত বয়সও ছিল না, মাতৃহীন সন্তানদের লালন পালনেই তিনি তাঁর জীবন উৎসর্গ করেছিলেন। আজ এটা বুঝি জীবনে অনেক প্রশ্ন থাকে যার কোন উত্তর থাকে না অথবা আমরা খুঁজে পাইনা।

এত বড় অনুষ্ঠানে একটুও ত্রুটি বিচ্যুতি হতেই পারে। এখানেও হয়েছে যেমন রেজিস্ট্রেশন দেওয়ার ব্যস্ততম সময়ে অত্যধিক ভীড়হেতু স্বল্প সময়ের জন্য একটু সুশৃঙ্খল ব্যবস্থার অভাব সৃষ্টি হয়েছিল, কৌশলগত পরিস্থিতির জন্য কোন কোন অনুষ্ঠান শুরুতে একটু বিলম্ব হয়েছে, এ ক্ষুদ্র ও গুরুত্বহীন ত্রুটিবিচ্যুতি এ বৃহৎ অনুষ্ঠানে কোন নেতিবাচক প্রভাব সৃষ্টি করতে পারেনি।

এক কথায় ২০২৬এর বঙ্গ সম্মেলন খুব ভালো হয়েছে। কর্তৃপক্ষকে অশেষ ধন্যবাদ এমন সুন্দর একটি অনুষ্ঠান উপহার দেওয়ার জন্য।

২০২৭ সালের ২রা জুলাই আপনাদের সাথে দেখা হবে সান হোজের বঙ্গ সম্মেলনের আনন্দোৎসবের অঙ্গনে । আপনাদের জন্য চিত্তসন্তোষ ও প্রমোদের পসরা সাজিয়ে অপেক্ষা করছেন ৪৭তম বঙ্গ সম্মেলনের আয়োজকবৃন্দ। আপনারাই পারেন ওদের প্রচেষ্টাকে সফল করতে, ৪৭এর সম্মেলনকে অন্যতম শ্রেষ্ঠ বঙ্গ সম্মেলনএ রুপান্তরিত করুন। সকলে ভালো থাকুন কামনা করে এ প্রতিবেদন শেষ করছি।

News

Breaks Major Rule for World Cup Finals for the First Time in History FIFA

Pranav Venkatesh

The 2026 World Cup final could feel more like a Super Bowl after FIFA confirmed a star-studded halftime show. However, for them to pull it off, the governing body has apparently overlooked one of its own rules on the length of the halftime break. Shakira, Madonna, Justin Bieber, BTS and Coldplay are all reportedly set to perform at MetLife Stadium.

However, reports suggest the performances might last 30 minutes. But as per FIFA's rules that the halftime break should not last more than fifteen minutes. This decision adds to FIFA's pattern of rule flexibility at the 2026 World Cup.

A FIFA spokesman said: "Madonna, Shakira, Justin Bieber and BTS will co-headline the historic FIFA World Cup Final Halftime Show. The performance will be curated by Chris Martin of Coldplay and broadcast live to millions of fans around the world."

Super Bowl halftimes usually last for 20-30 minutes in comparison to the normal 13-minute breaks during other games. The International FA Board (IFAB) once turned down a request from CONMEBOL to extend the halftime break to 25 minutes.

It stated that the extended break might have a "negative impact on player welfare and safety resulting from a longer period of inactivity." When the breaks usually exceed 20 minutes, the athletes lose momentum and need to warm up again.

The 30-minute break will certainly pose multiple challenges in recovery and getting the match intensity back. In many ways, one can say that the 2025 Club World Cup final in the USA, which had a 25-minute break, served as a dress rehearsal for the World Cup.

From weather-enforced delays to the introduction of the controversial hydration breaks, FIFA adopted multiple practices for the World Cup.

But the global attention the World Cup garners is unmatched, and the latest decision drew incredible flak.

The BBC decided not to air the performance at all and chose to maintain traditional halftime coverage with pundits analyzing the first half of play. The World Cup final is set to take place on July 19 at MetLife Stadium.

Spain is set to take on the winner of the second semifinal between Argentina and England. Reigning European champions Spain beat France 2-0 with a stellar performance.

On the other side, England is set to renew their epic rivalry with Argentina. The rivalry between the two nations stems from geopolitical and purely sporting reasons.

Their clash at the 1986 World Cup produced an iconic clash in which Diego Maradona scored both the "Goal of the Century" and the "Hand of God" goals to inflict a 2-1 defeat on England.

News

Argentina stun England with late rally to reach World Cup final

Mark Ogden

ATLANTA -- Argentina sealed a dramatic semifinal comeback against England at Mercedes-Benz Stadium with two goals in the closing minutes to clinch a 2-1 win Wednesday and book a World Cup final clash with Spain on Sunday.

The reigning world champions, who won their third title in Qatar four years ago, looked set to be eliminated with England leading well into the dying stages following a second-half goal from Anthony Gordon.

But as so often in this tournament, Argentina responded and Enzo Fernndez leveled the score with a stunning shot from 20 yards in the 85th minute. Lionel Messi, who assisted the first goal, again played supplier for the second.

His cross to the far post was met by substitute Lautaro Martnez, who headed the winning goal into the net from close range in the second minute of stoppage time.

"This is incredible, it's truly incredible," Martnez said. "I dreamed it, I swear.

I told Alexis [Mac Allister] I was going to score a goal; I told Facu Medina that I was going to come on and win the match. "We stretched the team and went all-in. We got the goals in the end, and after 3years, we're back in a World Cup final."

Messi now has 10 assists in the World Cup knockout stage, six more than any other player in at least the past 60 years.

And the 39-year-old has recorded a goal or assist in 11 straight World Cup games dating to 2022, extending the longest such streak since at least 1966. England's failure to hold onto their lead means the 1966 world champions' wait for a second World Cup final appearance continues.

"We're disappointed, we were so close, but we got too passive after we scored and conceded a lot of chances," England coach Thomas Tuchel told the BBC. "We could not turn the ball possession around and then conceded so many crosses, chances and shots.

We were close but couldn't keep the level up after we scored." It will be Argentina's seventh World Cup final as they seek their fourth title and to join Italy (1934, 1938) and Brazil (1958, 1962) as only the third country to win back-to-back finals.

England will be left to face France in Saturday's third-place game in Miami Gardens, Florida.

ফিচার

গ্রামীণ মন্ত্রতন্ত্র তুকতাক ও লোকবিশ্বাস

ড. শিবশঙ্কর পাল
পশ্চিমবঙ্গ , ভারত

ভূতে ধরা, ফোকসে টানা, পেঁচোয় পাওয়া, ছেলে কাঁদা— এসব গ্রামীণ লোক সংস্কৃতিতে আজও বিরাজ করে। বিজ্ঞানের প্রসার ঘটলেও মনের অন্ধকার থেকে গেছে এখনও। গ্রামে গ্রামে বিজলী বাতি এসেছে, লোক সচেতনতা বাড়াতে নানা কার্যক্রম অনুষ্ঠিত হচ্ছে অথচ পাড়াগাঁয়ের মানুষের মনের অন্ধ-সংস্কার এখনও সম্পূর্ণ কাটেনি। এখনও গ্রামে গ্রামে দেখা মেলে কিছু মানুষের যারা ঝাড়ফুঁক, তুকতাক করে।

হাত চালায়, বাটি চালায়। মানসিক বা শারীরিক অসুবিধা হলে দেয়— জল পড়া, নুন পড়া, তেল পড়া। গ্রামের দিকে এখনও মনে করা হয় যে বাণ মেরে কারো ক্ষতি করা যায়। অস্বাভাবিক আচরণ করলে ভাবা হয় ভূতে ধরেছে। ছেলে কাঁদলে মনে করা হয় তাকে পেঁচোয় পেয়েছে। হাত চালিয়ে নাকি বলে দেওয়া যায় কুকুরে কামড়ালে বিষ লেগেছে কিনা! সাপে কাটলে বিষ হয়েছে কিনা! খড়ি পেতে হাত চালিয়ে ওসব তুকতাক করা মানুষেরা নাকি বলে দিতে পারে কেও কিছু চুরি করেছে কিনা! এমনকি মন্ত্রের বলে গাছের ফল অবধি পাকে না! সে মন্ত্র এরম—

'রাম কাটিল কলা
সীতা দিল জাগ
যে বর্ণের কলা তুই
সেই বর্ণেই থাক।'

মন্ত্র দিলে নাকি দুধ দেওয়া গাই আর দুধ দেয় না! এমনকি বাচ্চাদেরও মন্ত্রবলে ফোকসের টান দেওয়া হয়। তাই অনেকে গাছের ফল কাপড় দিয়ে ঢেকে রাখে। একেবারে সদ্যজাত বাচ্চাকে বাইরে বেরোতে দেয় না। গাই দুধ দিতে শুরু করলে গাইয়ের গলায় আমড়ার আঁটি ও হাঁসের পালক ঝুলিয়ে দেওয়া হয়। সদ্যজাত বাচ্চার কপালে গোবরের ফোঁটা বা নাগরদোলা গাছের পাতার রস লাগানো হয়। ছেলে কাঁদলে বা ছেলের খাবারে নজর লাগলে লঙ্কা পুড়িয়ে সেই ধোঁয়া বাচ্চাকে দেওয়া হয়। তাতে নাকি নজর ছাড়ে। ছেলের খিদে ফিরে আসে।

এখনও গ্রামাঞ্চলে এমন সব কাণ্ডকারখানা দেখা যায়, যা দেখলে থমকে দাঁড়াতে হয়। গ্রামের গুনিন ওঝারা নাকি খড়ি পেতে হাত চালিয়ে বলে দিতে পারে অপরাধী কে! কে চুরি করেছে সেটাও বলে দেওয়া যায় বাটি চালিয়ে। বাটির উপর হাত রেখে মন্ত্র ঝাড়লে সে বাটি চলতে থাকে। চলতে চলতে পৌঁছে যায় অপরাধীর বাড়ি। কুকুরে বা সাপে কামড়ালেও আছে তুকতাক, মন্ত্র। সেসব ক্ষেত্রে যাকে কুকুরে বা সাপে কামড়েছে তাকে খেতে দেওয়া হয় এক পান মুলমুলকো। এক পান মানে এক মুষ্ঠি পরিমাণ। খড়ি পেলে হাত চালান হয়। আবার মন্ত্রপাঠ করে তার পিঠে লাগানো হয় একটা বগি থালা। যদি সে থালা পিঠে আঁটকে যায় তাহলে মনে করা হয় কুকুর বা সাপের বিষ লেগেছে। তারপর বিষ নামানোর জন্যও মন্ত্রপাঠ করা হয়। জরিবুটি খেতে দেওয়া হয়। নিম পতা চিবোতে দেওয়া হয়। পায়ে চিমটি কাটা হয়। সারারাত কয়েকঘন্টা অন্তর অন্তর এসব করে গুনিন বলে দেয় বিষ নেমেছে কিনা! এসব রেওয়াজ এখনও আছে। এখনও একারনে বহু মানুষের প্রাণ যায়। তবুও অন্ধবিশ্বাস ভাঙেনা মানুষের। ফোটেনা চোখ।

কারও শরীরে কোনও জ্বালা, বিকার দেখা দিলে বা আচরণে প্রভূত পরিবর্তন দেখা দিলে তাকে স্বাভাবিক করতে দেওয়া হয় জল পড়া। এক গ্লাস জলে ৩ বার মন্ত্রপাঠ করে তা সেবন করতে দেওয়া হয় ওই ব্যক্তিকে। ওই জল পান করতে হবে তিনদিন। দিনে তিন বার করে। তাতে নাকি শরীরের জ্বালা, বিকার, অস্বাভাবিকতা কেটে যায়। বাচ্চারা কাঁদলে বা বাচ্চাদের ফোকসে টান দিয়েছে মনে করা হলে ওই একই জল পড়া দেওয়া হয়। অর্থাৎ জলকে মন্ত্রপাঠ করে দেওয়া। যাকে 'জল পড়া' বলে। সে জল পড়া মন্ত্র এরম—

'টগবগ গঙ্গায় কলরব লাগে
ডাকিনী যোগিনী ডরে হালে (কাঁপে) গা
তিন চোর পানি পড়ে দিলাম তিন মন্ত্র বাণে
থং খং বান জ্বলে চলে হু হু করে
অমুকের (যাকে দেওয়া হয় তার নাম) রঙ্গে যে আছে
হু হু করে পুড়ে মরে
কার দোহায় মা কালীর দোহায়
দোহায় উস্তাদের দোহায়।'

কাওকে ভূতে ধরলে, ডাকিনীতে পেলে ওই জল পড়া দিলে সে নাকি স্বাভাবিক হয়। এসবে যৌতিকতা, বৈজ্ঞানিক কারন কিছুই নেই। যা আছে তা হলো বহু প্রাচীন লোকবিশ্বাস। রেওয়াজ। অনেকটা অন্ধবিশ্বাসও। গ্রামাঞ্চলের মানুষেরা এসব আজও মেনে চলে। প্রসূতি মেয়েদের চুলে গুঁজে দেয় লোহার পেরেক। সূর্য গ্রহণ হলে অন্ন গ্রহন করেনা। কোথাও যাবার সময় বন্ধ্যা নারীর মুখ দর্শন করেনা। সাত সাকলে এক শালিক দেখলে ভাবে দিনটা খারাপ। কেও একচোখ দেখালে তাকে দুচোখ দেখাতে বলা হয়। রাস্তায় বিড়াল পার হলে বা বিড়াল-কুকুর কাঁদলে তা অমঙ্গলসূচক বলে মনে করা হয়। বাচ্চাদের গলায় ঝুলিয়ে দেওয়া হয় শুয়োরের দাঁত। বড়ি দিলে তাতে গুঁজে দেওয়া হয় লাল লঙ্কা। যাতে কেও নজর না দেয়। কাঁচের শিশিতে আচার দিলে, স্নান না করে বা পরিষ্কার কাপড় পরিধান না করে কেও তা স্পর্শ করেনা। খেতে গিয়ে হেঁচকি উঠলে মনে করা হয় তাকে কেও দূর থেকে স্মরণ করছে। নতুন বাড়ি তৈরী করলে বাড়ির সামনে ঝুলিয়ে দেওয়া হয় পুরনো ঝাঁটা ও পুরনো জুতো।

সন্ধের সময় খেলে, সে খাবার নাকি চলে যায় রাক্ষসের

পেটে। পায়ে কালো কাড় বাঁধে। এসব নানা সংস্কারে গ্রাম বাংলা আবদ্ধ-অন্ধকারাচ্ছন্ন। মানুষের এমন বিশ্বাস যে মন্ত্র পাঠ করে গা বেঁধে দেওয়া যায়। তাতে নাকি তাকে দত্যি দানো ভূত প্রেতে স্পর্শ করতে পারেনা। যার প্রয়োগ পদ্ধতি, মন্ত্র জানে কিছু মানুষ। আর তাদের কাছেই ছুটে যায় অন্যরা। তবে উচ্চবর্গের জনগণ অপেক্ষা নিম্নবর্গের বা তথাকথিত সাবঅলটার্ন মানুষদের মধ্যে এসবের রেওয়াজ ও মান্যতা বেশি দেখা যায়। তবে যেসব মানুষ এই মন্ত্র জানে বা এ নিয়ে চর্চা করে, কিছু মুলমুলকো খেতে দেয়, তারা এসবের মন্ত্র সহজে বলতে চায় না। তাতে তাদের রুজিরোজগারে টান পরতে পারে।

তাছাড়া তারা মনে করে যে অন্য কাওকে মন্ত্র দিয়ে দিলে গুরু বা ওস্তাদকে অমান্য করা হয়। আবার তারা অন্য কেও উচ্চারণ করলে এসব মন্ত্র নাকি কাজ করেনা। যাই হোক সেই গা বন্ধ বা গা বেঁধে দেওয়া মন্ত্রটি হল—

'আতাল বন্ধ পাতাল বন্ধ
শ'হাত মৃত্তিকা মাটি বন্ধ
আর বন্ধ অমুকের (যার গা বাঁধা হবে) গা
যদি এই কথা লড়িস-চড়িস
তবে কার্তিক-গনেশ দুই পুত্রের মাথা খা
কার দোহায় মা কালির দোহায়
দোহায় উস্তাদের দোহায়।'

যে-কোনও দেবতার নামে তারা দোহায় দেয়। তাকে সাক্ষী মানে। এসবে হয়তো সবার মনের জোর বাড়ে। কখনও কিঁড়্যা বা দিব্বি দেয়। কখনও কথার বন্ধনে, হাত-পা চোখ-মুখের অঙ্গভঙ্গিতে সাধারণ মানুষকে আবিষ্ট করে ওসব ওঝা ওস্তাদরা। এসব মন্ত্র বলে তারা কারও ক্ষতি করতে পারে।

আবার তার প্রতিবিধানও আছে। বাণ মেরে কারও ক্ষতি করা যায়। আবার সেই বাণকে প্রতিহত করতে বা তাকে নিষ্ফল করতেও বাণ ছাড়া মন্ত্র ঝাড়া হয়। যাকে বলা হয় শান মন্ত্র। অজস্র দেবদেবীর নাম স্মরণে বহু বহু বাণ মন্ত্র আছে। তারই একটি হল—

'হাতে নিলাম অগ্নিবাণ
ব্রহ্মা ব্রহ্মে অস্তনাশ হয় টান
পশ্চাৎ হতে বলে হনুমান
ভূত যোগিনী মুণ্ড কেটে করে খান খান
কার রঙ্গে
কাঁউরের কামাক্ষ্যা মা
হাড়ির ঝি চণ্ডির রঙ্গে
অমুকের রঙ্গে শীঘ্র লাগে
কার দোহায় কামরূপ কামাক্ষ্যা মার দোহায়।'

এসব উচ্চারণে নানা গ্রাম্যতা অশুদ্ধতা থাকে। যেমন- রঙ্গে মানে অঙ্গে। কাঁউরের মানে কামরূপ। মানুষ এসব মেনে চলে। গ্রামাঞ্চলে শোনাও যায়, অমুককে বাণ মেরেছে। সে বাণকে

নিষ্ফল করতে মানুষ যায় গুনিন তান্ত্রিকের কাছে। বলতে গেলে গ্রামের ওসব গুনিন ওঝার কাছে এমন কোনও বিষয় নেই যার কোনও প্রতিবিধান ওদের কাছে নেই। ওরা সব ঠিক করতে পারে! ওদের কাছে সবকিছুর মন্ত্র আছে। মুলমুলকো আছে। টোটকা বা প্রয়োগ পদ্ধতি আছে। ভূত প্রেতে ধরা শুধু নয়, কারো বাচ্চা না হলে, ঋতুসমস্যা হলে, গাইয়ের দুধ কমে গেলে, গাছে ফলন কম হলে— ওঝা ঠিক করে দিতে পারে। এমন কি গলায় মাছের কাঁটা বিঁধলেও মন্ত্র বলে তা নামানো যায়!—

'শিমুল গাছে হনুর বাসা
হনু পড়ল হেসে
অমুকের টুঁটির কাঁটা যেল খসে

কার দোহায় মা কালীর দোহায়।' (টুঁটি- গলা, যেল- গেল)
আবার সন্তানবতী মহিলার স্তনে ঠনকো নামলে (অতিরিক্ত দুগ্ধের কারনে ব্যথা) তাকে ভাল করতে মন্ত্র বলা হয়—

'রাম লক্ষ্মণ সীতা
তিনে মিলে করেন চিন্তা
ওরে ভাই লক্ষ্মণ আমি কি জানি
অমুকের ঠনকো কেটে করি খান খান
কার দোহায় রাম লক্ষ্মণ সীতা দেবীর দোহায়।'

নানা তুকতাকও চলে এসবে। যেমন— ভূতে পেলে নিমের ডাল দিয়ে ঝাড়া, জুতোর শোল শোঁকানো হয়। জিনে পেলে কালো কাপড় বেঁধে দেওয়া হয়। ঘরে ডিমের খোলা ঝোলানো হয়। ঘা হলে পায়ে চুল ও কড়ি বেঁধে দেওয়া হয়। নানা উপসর্গ ভালো করতে অখাদ্য-কুখাদ্যও খাওয়ানো হয়। ডাকিনী যোগীনি ভর করলে জলে ডুবিয়ে ধরা হয়, নাকে জল ঢালা হয়। মচকে গেলে, আগুনে পুড়লে, হাড় ভাঙলে, পেটে ব্যথা করলে সেসবেরও মন্ত্র আছে। মন্ত্রের সঙ্গে আছে নানা উপাচার, প্রয়োগ পদ্ধতি। সেরমই কিছু উপাচার হল— তেল, জল, নুন, শ্বেত আকন্দের মূল, সর্পগন্ধার মূল, চটপটের মূল, নীল অপরাজিতা, জবা ফুল, কেশর, গোলাপ জল, কুরকুরালি গাছ, ধুলো। আরও কতো কি যে ব্যবহার করা হয়, তার অন্ত নেই! এখনও অন্ধ-সংস্কার, অন্ধ-বিশ্বাসের অন্ত নেই! দৃঢ়মূল লোকবিশ্বাস আজও টিকে আছে প্রান্তিক গ্রামেগঞ্জে।

কবিতা

প্রকৃতির লীলা

উত্তম চক্রবর্ত্তী
টরোন্টো, ক্যানাডা

রঙ বেরঙের শুকনো পাতা দেখায় প্রকৃতির বাহার
উজ্জ্বল রোদ জাগায় অপরূপ সুদৃশ্য---মুছে দেয় মনের মলিনতা।
হাতে হাত রেখে হাঁটে যুবক-যুবতী নগ্নাভিরাম পদে
শুকনো পাতার মচ মচে আওয়াজ বাড়ায় তাদের মনের অস্থিরতা,
অনুভব করে রক্তিম উচ্ছ্বাস, আর অপ্রকাশিত অনুরাগ।
ভাবে তারাই পৃথিবীর সর্বশ্রেষ্ঠ একে অপরের প্রনয়াসক্ত প্রেমিক-প্রেমিকা।

শরতের আকাশে রাশি রাশি, পুঞ্জ পুঞ্জ বেগবান শুভ্র মেঘের গুচ্ছ
মনে আনে প্রেমের অনুভূতি, যেন বেগবান, চায় অভিজ্ঞতা।
আলিঙ্গের মত আনে জীবনে ভালবাসার সম্পূর্নতা।
পায় কি তৃপ্তি? দ্বিধা আনে ক্ষণিকের, ভাবে হবে কি চির স্থায়ী?
একি শুধু মরীচিকা? শুধু কি মুহূর্তের প্রজ্বলিত অগ্নি শিখা?
না থাকবে প্রকৃতির বাহার, না থাকবে সেই অনুভূতি
হবে না শেষ, হবে পুণরাবৃত্তি, পাবে নব প্রমিক-প্রেমিকা।

ফাগুনের হাওয়া আনে প্রেম

উত্তম চক্রবর্ত্তী
টরোন্টো, ক্যানাডা

বসন্তের হাওয়া: সে আসে চুপিচুপি, জাগিয়ে তোলে শরীর ও হৃদয়ের গোপন খেলা। যেন বলে, 'এই রাত শুধু প্রেমের, শুধু শরীরের নয়, জীবনেরও।
তরুণ-তরুণী: সন্ধ্যার নরম আলো গায়ে মেখে তারা বসে পাশাপাশি,
অনুভব করে ক্ষুধিত যৌবনের লালসা—ঠোঁটের কোণে পাওয়ার অনুচ্চারিত বাসনা,
চোখে চোখ আনে মিলনের আহ্বান।প্রেমের, স্পর্শের, আকাঙ্ক্ষার।

খরগোশ: ঝোপের ফাঁক দিয়ে হঠাৎ উঁকি দেয় এক জোড়া খরগোশ। বলে, রাত আসছে। এবার আমাদের পালা। যাও চলে, বলে সবার হয়ে।
কাঠবিড়ালী: লেজ তুলে হুটপুঁটি করে এক গাছ থেকে আরেক গাছে—মাঝে মাঝে থামে আর উৎসুক ভরা চোখদুটি খুঁজছে এক অনন্ত পরশ।
লাল শেয়াল: শহুরে শেয়াল এসে দাঁড়ায়, পাশেই তার সঙ্গিণী। তাদের নীরব হাসি, পুরনো চেনা গন্ধে জাগে দেহে ভালবাসার উত্তাপ।
হরিণ: সে আসে ধীর পায়ে, সঙ্গে তার পরিবার। চোখে দ্বিধা, তবু গোপনে উত্তেজিত। ভাবে আমিও ত উত্তেজিত, পাবো কি আজ? তাকায় হরিণীর দিকে, সে মুচকি হাসে।
প্রজাপতি: ফুলে ফুলে ওড়ে সে, ছোঁয় ফুল, প্রতিটি ছোঁয়া যেন এক চুম্বন , প্রতিটি ওড়া যেন ভালোবাসার প্রতিক—জন্ম আর পুনর্জন্মের প্রতিশ্রুতি বয়ে বেড়ায়।
ভ্রমর: তার গুঞ্জন শুধু শব্দ নয়, যেন গান—চরম মিলনের অদৃশ্য ডাক। সে জানে, সময় আছে কম, তবু প্রতিটি মুহূর্তে সে ঢেলে দেয় ভালোবাসার সবটুকু সুর।

এই ত প্রকৃতির নিয়ম, শুধু আজ নয়, জন্ম-জন্মান্তরের, শুরু সেই আদিম যুগ থেকে.........।

কবিতা

২০২৬ এর বঙ্গ সম্মেলন

অরুন্ধতী সরখেল
ম্যাসযচুমসটস, মার্কিন যুক্তরাষ্ট্র

বয়স বাড়ে কিন্তু দেখি
মনের বয়েস বাড়ে না -

নববধূ হয়ে ৪৬ বছর আগে এই নিউইয়র্কে আসা
বহু সুখের স্মৃতি ভীড় করে আসে,

এখানেই পরিচয় রণজিৎ দা, তুলসী দি,
প্রণয় দা, পূর্ণ দা, গায়েত্রী দি, সুশান্ত দার সঙ্গে

যাদের আর দেখবো না, জীবন বয়ে চলে
নাচ ভালোবাসি তাই opening ceremony তে

থাকছি আর রবীন্দ্রনাথ ছাড়া জীবন চলে না।
তাই শতকণ্ঠে গলা মেলাবো। বলা যায় না
fashion show তে হাঁটতেও পারি, যেন আমার

কিশোর বয়স ফিরে এলো বসন্তে। আর কবিতা

বহুদিনের সঙ্গী, কবিতা পাঠও চলবে। দামামা বাজিয়ে
বাঙ্গালিয়ানা নিয়ে সে আসছে, আর আসছে তসলিমা।

দশ বছর আগে তার সঙ্গে দেখা হওয়া ও
তার সামনে কবিতা পড়া, সুন্দর অভিজ্ঞতা,

জীবনের প্রথমে নিউইয়র্কে যাদের সঙ্গে পরিচয় ছিল,
হয়তো দেখা হয়ে যাবে আনাচে কানাচে,

আর গাইবো 'পুরানো সেই দিনের কথা সেকি ভোলা যায়' বা
'এতদিন যে বসেছিলেম পথ চেয়ে আর কাল গুনে'

দেখা পেলেম বঙ্গসম্মেলনে।

NABC 2026 Literary Seminar: Few Moments



Photo courtesy: Shiv Kar